# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৬১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب أَشْرَاط السَّاعَة)

আরবী

وَعَنْ ثَوْبَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا رَأَيْتُمُ الرَّايَاتِ السُّودَ قَدْ جَاءَتْ مِنْ قِبَلِ خُرَاسَانَ فَأْتُوهَا فَإِنَّ فِيهَا خَلِيفَةَ اللَّهِ الْمَهْدِيَّ» . رَوَاهُ أَحْمَدُ وَالْبَيْهَقِيُّ فِي «دَلَائِل النبوَّة»

اسناده ضعیف ، رواه احمد (5 / 277 ح 22746) و البیهقی فی دلائل النبوۃ (6 / 516) * فیہ علی بن زید بن جدعان ضعیف ، و علۃ أخری وقال ثوبان رضی اللہ عنہ : " اذا رایتم الرایات السود خرجت من قبل خراسان فآتوھا فان فیھا خلیفۃ اللہ المھدی " رواہ الحاکم (4 / 502 ح 8531) و صححہ علی شرط الشیخین و سندہ حسن لذاتہ و رواہ البیھقی فی دلائل النبوۃ (6 / 516) ۔
(ضَعِيف)

বাংলা

৫৪৬১-[২৫] সাওবান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) ও বলেছেন: যখন তুমি খোরাসানের দিক থেকে কালো পতাকাবাহী সৈন্য আসতে দেখবে, তখন তাদেরকে অভ্যর্থনা জানাবে। কেননা তার মাঝে আল্লাহর খলীফাহ্ মাহদী থাকবেন। (আহমাদ ও বায়হাক্বী’র “দালায়িলুন্ নুবুওয়্যাহ্”)

ফুটনোট

মুনকার যঈফ: মুসনাদে আহমাদ ২২৪১, দালায়িলুন নুবুওয়্যাহ্ ৬/৫১৬, ‘আলী ইবনু যায়দ য'ঈফ; য'ঈফাহ্ ৮৫, য'ঈফুল জামি' ৫০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তাদের কেউ ফেরাতে পারবে না কারণ তাদের মাঝে উপস্থিত থাকবেন ইমাম মাহদী আলায়হিস সালাম, ইমাম আহমাদ তাঁর মুসনাদে সাওবান ও হতে মারফু সনদে বর্ণনা করেছেন যে, যখন তোমরা খোরাসান হতে আগত কালো পতাকাবাহীদের দেখবে তখন তোমরা উক্ত পতাকাবাহী দলের অনুসারী হবে। কেননা উক্ত পতাকাবাহীদের মাঝেই থাকবেন ইমাম মাহদী আলাইহিস সালাম। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, ১৫৭ পৃ., হা. ২২৬৯)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85439

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন